গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিসিএস প্রশাসন একাডেমি
শাহবাগ, ঢাকা
www.bcsadminacademy.gov.bd

নম্বর ০৫.০২.০০০০.০০০.০১৭.১১.০০০৬.২৫-১০৪

তারিখ: ১৬ আষাঢ় ১৪৩৩
৩০ জুন ২০২৬

**বিজ্ঞপ্তি**

**বিষয়: বিসিএস প্রশাসন একাডেমির তত্ত্বাবধানে আঞ্চলিক লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা এবং বাংলাদেশ ইনস্টিটিউট অব অ্যাডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট (বিয়াম), ফাউন্ডেশন, ঢাকায় অনুষ্ঠেয় ১৪৯ এবং ১৫০তম আইন ও প্রশাসন কোর্সের শরীরচর্চা প্রশিক্ষক নিয়োজন**

আগামী ১২ জুলাই ২০২৬ তারিখ (সম্ভাব্য) হতে বিসিএস প্রশাসন একাডেমির তত্ত্বাবধানে আঞ্চলিক লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা এবং বাংলাদেশ ইনস্টিটিউট অব অ্যাডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট (বিয়াম), ফাউন্ডেশন, ঢাকায় ০৫ (পাঁচ) মাস মেয়াদি **১৪৯ এবং ১৫০তম আইন ও প্রশাসন** কোর্স অনুষ্ঠিত হবে। অনুষ্ঠেয় কোর্সসমূহের সকালের শরীরচর্চা ও বিকালের ক্রীড়া সেশন পরিচালনার লক্ষ্যে প্রতি কোর্সের জন্য ০২ (দুই) জন করে (একজন পুরুষ ও একজন নারী) শরীরচর্চা প্রশিক্ষক নিয়োজন করা হবে। নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে আগ্রহী প্রার্থীদের নিকট থেকে আবেদন আহবান করা যাচ্ছে। উল্লেখ্য, অনিবার্য কারণবশত অনুষ্ঠেয় প্রশিক্ষণ কোর্সের সংখ্যা হ্রাস বা বৃদ্ধি হলে সে অনুযায়ী শরীরচর্চা প্রশিক্ষক নিয়োজন করা হবে।

**আবেদনকারীর যোগ্যতা:**

i) আবেদনকারীকে বি.পি. এড ডিগ্রিধারী হতে হবে;

ii) আবেদনকারীকে শরীরচর্চা ও ক্রীড়ায় পারদর্শী এবং শরীরচর্চা প্রশিক্ষক হিসেবে কাজের পূর্ব অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে।

**শরীরচর্চা প্রশিক্ষক নিয়োজনের শর্তাবলি:**

(ক) এ নিয়োজন কোর্সের মেয়াদকালে সরকারি বিধি মোতাবেক দৈনিক ভাতা প্রদান সাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নির্ধারিত হবে;

(খ) মনোনীত প্রশিক্ষক প্রতি কর্মদিবসে সকাল-বিকাল ০২ (দুই)টি সেশনের জন্য সম্মানী হিসেবে (৮০০/-+৮০০/-) = ১,৬০০ (এক হাজার ছয়শত) টাকা প্রাপ্য হবেন, তবে কোনো কর্মদিবস/ সেশনে অনুপস্থিত থাকলে অনুপস্থিতির দিন/সেশনগুলোতে কোনো সম্মানী প্রাপ্য হবেন না;

(গ) সাপ্তাহিক ছুটি, সরকারি ছুটি, মাঠ-সংযুক্তি, শিক্ষা সফর এবং কোর্স কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক যে দিনগুলোতে শরীরচর্চা/ক্রীড়া/ইয়োগা অনুষ্ঠিত হবে না সে দিনগুলোর জন্য কোনো সম্মানী প্রাপ্য হবেন না;

(ঘ) শরীরচর্চা প্রশিক্ষক নিয়োজনের ক্ষেত্রে কোনো প্রার্থী ইয়োগা প্রশিক্ষণপ্রাপ্ত হলে সেটি প্রার্থীর অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে;

(ঙ) সকালের শরীরচর্চা এবং বিকালের ক্রীড়ায় প্রশিক্ষণার্থী কর্মকর্তাগণের সক্রিয় অংশগ্রহণ এবং শৃঙ্খলা রক্ষার বিষয়টি আবশ্যিকভাবে নিশ্চিত করতে হবে;

(চ) নিজের ও প্রশিক্ষণার্থীদের দৈনিক হাজিরা সংরক্ষণ করতে হবে এবং সংশ্লিষ্ট কোর্স সমন্বয়কের নিকট প্রতিদিন উক্ত রিপোর্ট জমা প্রদান করতে হবে। অর্থাৎ প্রশিক্ষণার্থীগণ প্রতিদিন সংশ্লিষ্ট সেশনে সময়মত ও সক্রিয়ভাবে অংশগ্রহণ করেছেন কিনা এবং যদি কোনো প্রশিক্ষণার্থী সংশ্লিষ্ট সেশনে সময়মত ও সক্রিয়ভাবে অংশগ্রহণ না করে থাকেন তার নাম, রোল নম্বর ও মন্তব্যসহ একটি প্রতিবেদন সংশ্লিষ্ট কোর্স পরিচালকের নিকট আবশ্যিকভাবে জমা প্রদান করতে হবে;

(ছ) কোর্স কারিকুলামে নির্ধারিত ক্রীড়া প্রতিযোগিতা/টুর্নামেন্ট সফলভাবে পরিচালনার জন্য যথাযথ সহায়তা প্রদান করতে হবে;

(জ) কোর্স শুরু সাপেক্ষে এ নিয়োজন কার্যক্রম গ্রহণ করা হবে;

(ঝ) এ নিয়োজন একান্তই সাময়িক এবং শুধুমাত্র কোর্স শুরুর তারিখ হতে কার্যকর হবে ও কোর্স সমাপ্ত হওয়ার সাথে সাথে সরাসরি বাতিল বলে গণ্য হবে;

(ঞ) কর্তৃপক্ষ যে কোনো মুহূর্তে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োজন সরাসরি বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

**চলমান পাতা-০২**

০২। আগামী ০৭ জুলাই ২০২৬ তারিখ রবিবার বিকাল ০৫:০০ টার মধ্যে আবেদনপত্রের সাথে পূর্ণ জীবন বৃত্তান্তসহ সদ্যতোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি সত্যায়িত রঙ্গিন ছবি এবং জাতীয় পরিচয়পত্র, শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও অভিজ্ঞতা সনদপত্র (যদি থাকে)-এর সত্যায়িত অনুলিপি উপপরিচালক (প্রশিক্ষণ)-এর ই-মেইল ঠিকানা ddtraining@ bcsadminacademy.gov.bd বরাবর প্রেরণ এবং একইসাথে হার্ড কপি প্রশিক্ষণ শাখা, কক্ষ নম্বর: ৪০৫, বিসিএস প্রশাসন একাডেমি, শাহবাগ, ঢাকা ঠিকানায় জমা প্রদান করতে হবে। আগামী ০৯ জুলাই ২০২৬ তারিখ বৃহস্পতিবার সকাল ১১:০০ টায় (সম্ভাব্য) আবেদনকারীগণের মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। মৌখিক পরীক্ষার সময় প্রয়োজনীয় সকল সনদের মূল কপি আবশ্যিকভাবে সঙ্গে আনতে হবে। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনোরূপ ভাতা প্রদান করা হবেনা।

৩০.০৬.২৬

(মোছাঃ নাসরিন বানু)
পরিচালক (প্রশিক্ষণ)
বিকল্প কর্মকর্তা
ফোন : ৫৫১৬৫৯০৫
ই-মেইল:directortraining@bcsadminacademy.gov.bd

**বিতরণ : সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

১) অধ্যক্ষ, সরকারি শারীরিক শিক্ষা কলেজ, মোহাম্মদপুর, ঢাকা (নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তিটি প্রচারের অনুরোধসহ);
২) রেক্টরের একান্ত সচিব, বিসিএস প্রশাসন একাডেমি, ঢাকা (রেক্টর মহোদয়ের সদয় অবগতির জন্য);
৩) রেক্টরের একান্ত সচিব, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা (নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তিটি প্রচারের অনুরোধসহ);
৪) প্রোগ্রামার, তথ্যপ্রযুক্তি শাখা, বিসিএস প্রশাসন একাডেমি, ঢাকা (একাডেমির ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৫) উপাচার্য এর ব্যক্তিগত সহকারী, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা (নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তিটি প্রচারের অনুরোধসহ);
৬) মহাপরিচালক (সচিব) এর ব্যক্তিগত সহকারী, জাতীয় পরিকল্পনা উন্নয়ন একাডেমি, ঢাকা (নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তিটি প্রচারের অনুরোধসহ);
৭) মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, বিয়াম ফাউন্ডেশন, ঢাকা (নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তিটি প্রচারের অনুরোধসহ);
৮) পরিচালক এর ব্যক্তিগত সহকারী, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা (নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তিটি প্রচারের অনুরোধসহ);
৯) এমডিএস (প্রশিক্ষণ ও ডকুমেন্টেশন এন্ড ইভ্যালুয়েশন) এর ব্যক্তিগত সহকারী, বিসিএস প্রশাসন একাডেমি, ঢাকা (এমডিএস মহোদয়ের সদয় অবগতির জন্য)।